দৈনিক বাংলা

তারিখ ... 29 OCT 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

193

## বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সংঘর্ষ ঃ ৩টি কলেজ বন্ধ

# রাজশাহী ভার্সিটিতে ছাত্র গুলিবিদ্ধ : জাহাঙ্গীরনগর ভার্সিটিতে আহত ১১

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র মিছিলে গুলিতে একজন ছাত্র আহত হয়েছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের একটি হলের ১৩টি কক্ষ তছনছ ও এগারজন ছাত্র আহত হয়েছে। উল্লাপাড়ায় ছাত্র সংঘর্ষে ১০ জন ছাত্র আহত হয়েছে এবং সরকারী আকবর আলী কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। টঙ্গীতে ভাওয়াল সরকারী কলেজে ছাত্র সংঘর্ষে পাঁচ জন আহত ও কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। মানিকগঞ্জের হরগঙ্গা কলেজে ছাত্র সংঘর্ষে দু'জন আহত হয়েছে। রাজবাড়ীতে ছাত্ররা বিক্ষোভ

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## রাজশাহী ভার্সিটিতে ছাত্র গুলিবিদ্ধ

(প্রথম পৃঃ পর)

মিছিল করেছে। ছাত্র কৃষি সংঘর্ষের আশঙ্কায় বাংলাদেশ ছাত্র ইনস্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

আমাদের রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে আজ দুপুরে অজ্ঞাতনামা ব্যক্তিদের হামলায় জাতীয়তাবাদী ছাত্র দলের কর্মী এলএলবি (অনার্স) দ্বিতীয় বর্ষের ছাত্র সরুজ (২২) বুলেট বিদ্ধ হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র হত্যা প্রতিবাদে ছাত্রদলের উদ্যোগে রাজশাহী ভার্সিটি প্রাঙ্গণে শোক সমাবেশ ও মিছিল হয়। মিছিল কেন্দ্রীয় লাইব্রেরীর কাছে বাংলাদেশ ছাত্র লীগের (শা-অ) তাবুর কাছে পৌঁছলে অজ্ঞাতনামা ব্যক্তিরা গুলি বর্ষণ করে। এ সময়ে ছাত্রদল কর্মী আহত হন।

গণতান্ত্রিক ছাত্র ঐক্য এবং ইসলামী ছাত্র শিবিরের উদ্যোগেও রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে মিছিল হয়। তারা রাজশাহী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনার নিন্দা করে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে উত্তেজনাপূর্ণ পরিস্থিতি বিরাজ করছে।

### জাহাঙ্গীরনগর ভার্সিটি

মানিকগঞ্জ থেকে আমাদের স্টাফ রিপোর্টার জানান ঃ রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনার জের হিসাবে গত রাত ন'টা থেকে গভীর রাত পর্যন্ত মীর মোশাররফ হোসেন হলের ১৩টি কক্ষ ভাঙচুর ও লুটপাট হয় এবং হামলায় এগার জন ছাত্র আহত হয়েছে। এরা সবাই ছাত্র লীগের (শা-অ) সদস্য বলে দাবী করা হয়। হলের ছাত্র লীগ শাখার সভাপতি মোশাররফ হোসেন দায়েরকৃত মামলার এজাহারে এই দাবী করা হয়। এর আগে রাত আটটার দিকে বিশ্ববিদ্যালয়ের তিনটি আবাসিক হলের সামনে কয়েক রাউন্ড ফাঁকা গুলি বর্ষণ করা হয়। ক্যাম্পাসে দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে একই ঘটনার জের হিসাবে মানিকগঞ্জ ছাত্রদলের একটি বিক্ষুব্ধ মিছিল আজ দুপুরে মানিকগঞ্জ জেলা আওয়ামী লীগ অফিসে হামলা ও ভাঙচুর করা হয় বলে জেলা আওয়ামী লীগ অভিযোগ করেছে। শহরে পুলিশের টহল চলছে।

### উল্লাপাড়া

আমাদের নিজস্ব সংবাদদাতা জানান ঃ সিরাজগঞ্জ থেকে উল্লাপাড়া সরকারী আকবর আলী কলেজে রোববার ও সোমবার দুইটি ছাত্র সংগঠনের মধ্যে কয়েক দফা সংঘর্ষে দশজন ছাত্র আহত হয়েছে। কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

ছাত্রলীগ (শা-অ) এবং ছাত্রলীগ (রব) গ্রুপের মধ্যে এই সংঘর্ষ হয়।

### টঙ্গী

টঙ্গী থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ দু'দল ছাত্রের সংঘর্ষের কারণে সোমবার থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত ভাওয়াল সরকারী কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে।

ব্যাপক ছাত্র সংঘর্ষের আশংকায় কলেজ কর্তৃপক্ষ এ ঘোষণা দিয়েছেন।

গত রোববার ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে এক সংঘর্ষে ৫ জন ছাত্র আহত হয়। সংঘর্ষে ছাত্ররা বিদেশী পিস্তল, কাটা রাইফেল, রাম দা ও হকিস্টিক ব্যবহার করে।

### মুন্সিগঞ্জ

মুন্সিগঞ্জ থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান ঃ মুন্সিগঞ্জ হরগঙ্গা কলেজে সোমবার দুই দল ছাত্রের মধ্যে সংঘর্ষে দুই জন আহত হয়েছে। তাদের মধ্যে কলেজের ছাত্র মানিক একটি ককটেল বিস্ফোরণে আহত হন এবং বহিরাগত ব্যক্তি আজিজ ছুরিকাহত হন। তাদের গুরুতর অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। হরগঙ্গা কলেজের ছাত্র শাহীন হত্যার প্রতিবাদে আজ জাতীয়তাবাদী ছাত্রদল ও বাংলাদেশ ছাত্র লীগ (শা-অ) সভা ও মিছিল করে।

সংঘর্ষের পর হরগঙ্গা কলেজ তিন দিনের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। ছাত্রদের মধ্যে সংঘর্ষের পর মুন্সিগঞ্জ শহরেও পরিস্থিতি থমথমে হয়ে উঠেছে।

### রাজবাড়ী

রাজবাড়ী থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানানঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রহত্যার প্রতিবাদে সোমবার বিকালে রাজবাড়ী রেলওয়ে স্টেশন চত্বরে জাতীয়তাবাদী ছাত্রদল এক প্রতিবাদ সভার আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন জেলা ছাত্র দলের আহ্বায়ক আবদুর রাজ্জাক।

প্রতিবাদ সভায় বক্তারা দোষী ব্যক্তিদের বের করে অবিলম্বে তাদের শাস্তি দাবী করেন। পরে একটি বিক্ষোভ মিছিল শহর প্রদক্ষিণ করে। এক পর্যায়ে আওয়ামী লীগের বিশিষ্ট নেতা জনাব মোঃ সোবাহান মিয়ার ডিসপেনসারীতে হামলা চালানো হয় ও তাকে মারপিট করা হয়। সিনিয়র এসপি এলাকা পরিদর্শন করেছেন। শহরে পুলিশ মোতায়েন করা হয়েছে।

### রাকসু ভবনে যৌথ বৈঠক

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে একজন ছাত্র গুলিবিদ্ধ হওয়ার ঘটনার পর রাকসু ভবনে সকল রাজনৈতিক দল ও ছাত্র সংগঠনের এক যৌথ বৈঠক অনুষ্ঠিত হয়। রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র মিজানুর রহমান মিনু বৈঠকে সভাপতিত্ব করেন।

### কৃষি ইন্সটিটিউট বন্ধ

বাসস জানায় বাংলাদেশ কৃষি ইন্সটিটিউট রোববার থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়েছে বলে সোমবার ঢাকায় প্রাপ্ত ইন্সটিটিউটের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা গেছে।

ইন্সটিটিউটের একাডেমিক কাউন্সিল দুই প্রতিদ্বন্দ্বী গ্রুপের ছাত্রের মধ্যে উত্তেজনা বৃদ্ধির জন্য এই সিদ্ধান্ত গ্রহণ করে। ছাত্রদের হোস্টেল ছেড়ে যেতে বলা হয়েছে।

### ছাত্রদলের মিছিল

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র হত্যার প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্র দল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার সমর্থকরা সোমবার ক্যাম্পাসে একটি মিছিল বের করেন।

এছাড়া বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশন ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোঃ এনামুল হক খান ঢাকা ভার্সিটি ক্যাম্পাসে দুটি মূল্যবান প্রাণহানিতে গভীর দুঃখ প্রকাশ করে সকল রাজনৈতিক দলের প্রতি ক্যাম্পাসে শান্তি পুনঃ প্রতিষ্ঠার জন্য তাদের স্ব স্ব দল থেকে সশস্ত্র গুণ্ডাদের বহিষ্কারের আহ্বান জানিয়েছেন।

ক্যাম্পাস থেকে অস্ত্র উদ্ধার ও সন্ত্রাসীদের গ্রেফতারের জন্য তিনি সরকার ও আইন প্রয়োগকারী সংস্থাগুলোর প্রতি কঠোর হওয়ার আহ্বান জানান।